

পরিকল্পন নং-১০৪

জীবন সমাহার (একের ভিতরে পাঁচ)

অল্প টাকায় বেশী ঝুঁকি

নিতে চান যদি

“সমাহার” এর মত পলিসি

যদি হয় সাথী।

এ বীমা এর অন্তর্ভুক্ত ব্যক্তির পরিবারকে অপ্রত্যাশিত কোন ঝুঁকি বা দুর্ঘটনার কারণে আর্থিক নিশ্চয়তা প্রদান করে। এ বীমার মাধ্যমে খুব স্বল্প টাকার প্রিমিয়ামের বিনিময়ে পরিবারকে ঝুঁকি মুক্ত করা যায়।

সুবিধাসমূহ :

- ১। **মৃত্যুতে ক্ষতিপূরণ :** মেয়াদের মধ্যে বীমাকারীর স্বাভাবিক মৃত্যু হলে ম মনোনীতককে সম্পূর্ণ বীমা অংক পরিশোধ করা হবে।
- ২। **দুর্ঘটনার ক্ষতিপূরণ :** দুর্ঘটনাজনিত কারণে মৃত্যু হলে মনোনীতক সম্পূর্ণ বীমা অংকের দ্বিগুণ পাবেন।
- ৩। **অক্ষমতা/অঙ্গহানীর ক্ষতিপূরণ :** দুর্ঘটনার কারণে সম্পূর্ণ অক্ষম হয়ে গেলে সম্পূর্ণ বীমা অংক বীমাবৃত্তকে মাসিক কিস্তিতে ১০ বছর ধরে শোধ করা হবে।
- ৪। **মুনাফাসহ প্রিমিয়াম ফেরত :** মেয়াদ শেষে বীমাকারী বেঁচে থাকলে এবং অক্ষমতার দরুন পূর্বে কোন সুবিধা না নিয়ে থাকলে মুনাফাসহ সকল প্রিমিয়াম ফেরত দেয়া হবে। মুনাফার হার হবে বীমা মেয়াদের সমান। উদাহরণ স্বরূপ ১৫ এবং ২০ বছর মেয়াদী পলিসির মুনাফার হার যথাক্রমে ১৫% এবং ২০%।
- ৫। **বিনামূল্যে বীমা সুবিধা :** মেয়াদ শেষে বীমাকারী বেঁচে থাকলে অতিরিক্ত ৫ বছরের জন্য নিম্নলিখিত হারে বীমা সুবিধা প্রদান করা হবে। ৬০ বছর বয়সের পূর্বে মৃত্যুতেই শুধুমাত্র এই বীমা ঝুঁকির টাকা প্রদান করা হবে।

স্বল্প প্রিমিয়াম হার (সর্বনিম্ন প্রিমিয়াম ৫ টাকারও কম) :

দৈনন্দিন জীবনে আমরা নানা ভাবে বাজে খরচ করে ফেলি । কিন্তু প্রতিদিন ৫ টাকা কম খরচ করেও আপনি অতি সহজেই ১,০০,০০০/- টাকার এ পলিসি নিয়ে আপনার পরিবারকে যে কোন আর্থিক বিপদ থেকে ঝুঁকি মুক্ত করতে পারেন ।

এ বীমার আওতায় সম্পাদিত মূল্য ও ঋন নেয়ার সুবিধা নেয়া যাবে না । তবে ৫ (পাঁচ) বছর সম্পন্ন হওয়ার পর সমর্পণ মূল্যের সুবিধা পাওয়া যাবে ।

একক প্রিমিয়াম :

এ পরিকল্পে একক প্রিমিয়াম প্রদানের সুবিধা রয়েছে । একক প্রিমিয়াম পলিসি গ্রহণ করলে তুলনামূলকভাবে প্রিমিয়ামের হার অনেক কম হয় । এছাড়া এতে মোটা অংকের আয়কর রেয়াত পাওয়া যায় এবং একবার মাত্র প্রিমিয়াম প্রদান করতে হয় বলে প্রতি বছর প্রিমিয়াম প্রদানের ঝামেলা থেকে চিন্তামুক্ত হওয়া যায় ।